

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৩৮

তেলিয়ামুড়া, ৩ অক্টোবর, ২০২৪

**তেলিয়ামুড়া মহকুমা ভিত্তিক গান্ধী জন্মজয়ষ্ঠী উদ্যাপিত**

তেলিয়ামুড়া মহকুমা ভিত্তিক গান্ধী জন্মজয়ষ্ঠী ও স্বচ্ছতা-হি-সেবা'র সমাপনী অনুষ্ঠান গতকাল মহকুমার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক তথা বিধায়ক কল্যাণী সাহা রায়। অনুষ্ঠানে অতিথিগণ মহাআগামী গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবেদন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্য সচেতক কল্যাণী রায় উভয় অনুষ্ঠান আয়োজনের তাৎপর্য নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠান উপলক্ষে ভজন পরিবেশিত হয়। তাছাড়া স্বচ্ছতা-হি-সেবা অভিযানের উপর একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। পক্ষকালব্যাপী অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা, কর্মসূচিতে বিজয়ীদের পুরস্কার প্রদানের সাথে সাথে স্বচ্ছতা কর্মীদের সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তেলিয়ামুড়া পুর পরিষদের উপমুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, খোয়াই জেলার অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, মহকুমা শাসক পরিমল মজুমদার, বরিষ্ঠ তথ্য আধিকারিক মিঠন দত্ত প্রমুখ।

\*\*\*\*\*